

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩০০

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৫. তাশাহ্হদের বর্ণনা এবং তা পড়া ওয়াজিব এবং এ সম্পর্কে বিভিন্ন রিওয়ায়াত

بَابُ صِفَةِ التَّشَهُّدِ وَقُجُوبِهِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِيهِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي دَاوُدَ ، ثَنَا نَصِّرُ بْنُ عَلِي ّ أَخْبَرَنِي أَبِي عَنْ شُعْبَةَ عَنْ أَبِي بِشْرٍ قَالَ : سَمِعْتُ مُجَاهِدًا يُحَدِّثُ عَنِ ابْنِ عُمَرَ عَنْ رَسُولِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ أَنَّهُ قَالَ فِي التَّشَهُّدِ : " التَّحِيَّاتُ لِلَّهِ الصَّلُواتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ " . قَالَ ابْنُ عُمَرَ : زِدْتُ فِيهَا " وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا قَالَ ابْنُ عُمَرَ : زِدْتُ فِيهَا " وَبُركَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا قَلْ ابْنُ عُمَرَ وَزِدْتُ فِيهَا " وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ " . هَذَا إِسْنَادٌ صَحِيحٌ. وَقَدْ تَابَعَهُ عَلَى رَفْعِهِ ابْنُ أَبِي عَدِيٍّ عَنْ شُعْبَةَ وَوَقَفَهُ وَرَسُولُهُ " . هَذَا إِسْنَادٌ صَحِيحٌ. وَقَدْ تَابَعَهُ عَلَى رَفْعِهِ ابْنُ أَبِي عَدِيٍّ عَنْ شُعْبَةَ وَوَقَفَهُ غَلَى مَا اللَّهُ أَنْ يَا عَنْ شُعْبَةً وَوَقَفَهُ غَلَى مَا الْنَ أَبِي عَدِيٍّ عَنْ شُعْبَةَ وَوَقَفَهُ غَيْرُهُمَا

বাংলা

১৩০০(৬). আবু বাকর ইবনে আবু দাউদ (রহঃ) ... ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাশাহহুদে বলতেনঃ "আতাহিয়াতু লিল্লাহি ওয়াস-সালাওয়াতু ওয়াত-তায়্যিবাতু। আসসালামু আলাইকা আয়ুহান নাবিয়ু ওয়া রহমাতুল্লাহি। (সমস্ত সম্মান, ইবাদত, উপাসনা ও পবিত্রতা আল্লাহর জন্য। হে নবী! আপনার উপর শান্তি বর্ষিত হোক এবং আল্লাহর রহমতও)। ইবনে উমার (রাঃ) বলেন, আমি এতে "ওয়া বারাকাতুহু" (এবং প্রাচুর্য) শব্দটি যোগ করেছি। "আস-সালামু আলাইনা ওয়া আলা ইবাদিল্লাহিস-সালিহীন। আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহু" (আমাদের উপর এবং আল্লাহর সৎকর্মপরায়ণ বান্দাদের উপরও শান্তি বর্ষিত হোক। আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই)। ইবনে উমার (রাঃ) বলেন, আমি এতে "ওয়াহদাহু লা শারীকা লাহু" (তিনি একক, তাঁর কোন শরীক নেই) যোগ করেছি। "ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু" (আমি আরো সাক্ষ্য দেই যে, মুহাম্মাদ তাঁর বান্দা ও রাসূল)।

এই সনদসূত্র সহীহ। এই হাদীস মারফুরূপে বর্ণনা করতে ইবনে আবু আদী শো'বা (রহঃ) সূত্রে তার অনুসরণ করেছেন। তারা দু'জন ব্যতীত অন্যরা এটিকে মাওকুফ হাদীসরূপে বর্ণনা করেছেন।



হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন